# গোপালগঞ্জ পৌরসভা কার্যালয়

## গোপালগঞ্জ।

www.gopalganjpourashava.org

নম্বর- গোঃপৌঃ/সাঃ-৩৭২/২০২৪-২৫/ তারিখঃ

**গোপালগঞ্জ পৌরসভার প্রশাসকের কর্মসম্পাদন সহায়তা কমিটির ৭ নং সাধারন সভার কার্য-বিবরণী**

সভাপতি ঃ বিশ্বজিত কুমার পাল
প্রশাসক, গোপালগঞ্জ পৌরসভা।

স্থান ঃ পৌরসভা সম্মেলন কক্ষ।

তারিখ ঃ ১৭ জানুয়ারী ২০২৫ ইং।

সময় ঃ দুপুর ২.০০ ঘটিকা।

সভায় উপস্থিত সদস্যদের নাম (স্বাক্ষরের ক্রমানুসারে) পরিশিষ্ট ''ক" এবং কর্মকর্তা/কর্মচারীদের নাম পরিশিষ্ট ''খ"তে দেখানো হলো।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর গোপালগঞ্জ পৌরসভার পৌর নির্বাহী কর্মকর্তা জনাব এ.এইচ.এম. রকিবুল ইসলাম গত ২৭ জানুয়ারী ২০২৫ তারিখে অনুষ্ঠিত পৌর পরিষদের ৩২ নং সভার কার্য বিবরনী পাঠ করেন এবং সংশোধনী না থাকায় উহা সর্বসম্মতভাবে দৃঢ়করণ করা হয়।

আলোচ্য সূচী : ১

**ব্যয় হিসাব অনুমোদন প্রসংগে**

**আলোচনা :** গোপালগঞ্জ পৌরসভার পৌর নির্বাহী কর্মকর্তা সভায় জানান গোপালগঞ্জ পৌরসভার ০১/০১/২০২৫ হতে ৩১/০১/২০২৫ তারিখ পর্যন্ত পৌরসভার রাজস্ব খাতে নিম্নবর্ণিত ব্যয় ৮০,৮৬,৬৩৪.৫০ টাকা যা অনুমোদন করার প্রস্তাব রাখেন। এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।

সাধারন শাখার জানুয়ারী'২৫ মাসের আয়-ব্যয় (খাত ওয়ারী)

০১-০১-২০২৫ হতে ৩১-০১-২০২৫ পর্যন্ত

| ক্রমিক নম্বর | আয় | টাকার পরিমান | ক্রমিক নম্বর | ব্যয় | টাকার পরিমান |
|---|---|---|---|---|---|
| ১. | বাসটার্মিনাল(খাস আদায়) | ২,২৫,০০০.০০ | ১. | সম্মানীভাতা ব্যয় | ২৮,৫০০.০০ |
| ২. | হোল্ডিং ট্যাক্স হতে আয় | ৭২,৯৮,০৮৪.০০ | ২. | বেতন ব্যয় | ৪২,৮০,৮৪৭.৫০ |
| ৩. | নির্মান ফি বাবদ আয় | ৫,১৩,৭৬৫.০০ | ৩. | মশক নিধন ঔষধ ক্রয় ব্যয় | ৮৬,৫৭৩.০০ |
| ৩. | দোকান ভাড়া হতে আয় | ১০,৩৫,০৭৬.০০ | ৪. | কঞ্জারভেন্সী মালামাল ক্রয় ব্যয় | ৩৬,৬৬৪.০০ |
| ৪. | শিশুপার্ক ইজারা হতে আয় | ১,১৫,০০০.০০ | ৫. | আপ্যায়ন ব্যয় | ১৯,২২৭.০০ |
| ৫. | কমিউনিটি সেন্টার ভাড়া প্রাপ্তি | ২,৩১,০০০.০০ | ৬. | তারুন্য উৎসব উদযাপন ব্যয় | ১,২৫,৬০০.০০ |
| ৬. | রাস্তা কর্তন ফি বাবদ প্রাপ্তি | ১৮,৮৮৪.০০ | ৭. | চুক্তিভিত্তিক সম্মানী বাবদ ব্যয় | ৫৮,০০০.০০ |
| ৭. | ফরম বিক্রি হতে আয় | ৯৭,০০০.০০ | ৮. | অন্যান্য ব্যয় | ৩৬,৫৬১.০০ |
| ৮. | হাটবাজার ইজারা আংশিক আয় | ১৫,৩৮,৯০০.০০ | | | |
| ৯. | পশুজবেহ ইজারা আংশিক আয় | ৫০,০০০.০০ | | | |
| ১০. | ঠিকাদারী লাইঃ ফি হতে আয় | ২৫,০০০.০০ | | | |
| ১১. | ১%জমি হস্তান্তর ফি হতে প্রাপ্তি | ১৫,১৭,৬৭৪.৮০ | | | |
| ১২. | এফডিআর সুদ প্রাপ্তি | ৭,১৭,৬৭৪.০০ | | | |
| ১৩. | অন্যান্য আয় | ৩৭,৪০৫.০০ | | | |
| ১৪. | রোলার ভাড়া | ৪০২৫.০০ | | | |
| ১৫. | ট্রেড লাইসেন্স ফি | ৭,৮৭,৪০৯.০০ | | | |
| | **মোট আয়** | **১,৪২,১১,৮৯৬.৮০** | | **মোট ব্যয়** | **৪৬,৭১,৯৭২.৫০** |

চলমান পাতা ০২

## পানি সরবরাহ শাখার জানুয়ারী'২৫ মাসের আয়-ব্যয় (খাত ওয়ারী)

| ক্রমিক নম্বর | আয় | টাকার পরিমান | ক্রমিক নম্বর | ব্যয় | টাকার পরিমান |
|---|---|---|---|---|---|
| ১. | পানির বিল প্রাপ্তি হতে আয় | ৬৪,৪৬,৮০৫.০০ | ১. | বেতন ভাতা ব্যয় | ১৬,২৫,৪৯১.০০ |
| | | | ২. | বিদ্যুৎ বিল বাবদ ব্যয় | ১৭,৭৪,৬২১.০০ |
| | | | ৩. | লিকেজ মেরামত বাবদ ব্যয় | ১৪,৫৫০.০০ |
| | **মোট আয়** | **৬৪,৪৬,৮৪৫.০০** | | **মোট ব্যয়** | **৩৪,১৪,৬৬২.০০** |

**সিদ্ধান্ত :** বিস্তারিত আলোচনান্তে পৌরসভার নিয়মিত সেবা প্রদান ও জনসেবা কার্যক্রমের সাথে জড়িত থাকায় বিভিন্ন ধরনের যানবাহন মেরামত, জরুরী লিকেজ মেরামত ও আনুসঙ্গিক কার্যক্রম নিয়মিত রাজস্ব তহবিল হতে ব্যয় নির্বাহ করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গ্রহণ করা হয় এবং জানুয়ারী ২০২৫ মাসের পৌরসভার রাজস্ব খাতে ব্যয় বাবদ ৮০,৮৬,৬৩৪.৫০ টাকা অনুমোদন করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। এছাড়াও ব্যাংক চার্জ কর্তন না হয় সে বিষয়ে ব্যাংক কর্তৃপক্ষের সহিত আলোচনা ও অপ্রয়োজনীয় ব্যাংক একাউন্ট বন্ধ করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো।

বাস্তবায়নে: পৌর নির্বাহী কর্মকর্তা/হিসাব রক্ষক, গোপালগঞ্জ পৌরসভা।

**আলোচ্য সূচী : ২**

**অবৈধ স্থাপনা উচ্ছেদ প্রসংগে**

**আলোচনা :** গোপালগঞ্জ পৌরসভার নির্বাহী প্রকৌশলী সভায় জানান, যে প্রতি তিনমাস অন্তর গোপালগঞ্জ পৌরসভা হতে নির্মান ও পুনঃ নির্মানের প্লান অনুমোদন করা হয়ে থাকে। কিন্তু দেখা যায় পৌর এলাকার বিভিন্ন স্থানে প্লান বর্হিভূতভাবে অবৈধভাবে নির্মান কাজ করছে। এ ব্যাপারে সিদ্ধান্ত গ্রহন করা আবশ্যক।

**সিদ্ধান্ত :** এব্যাপারে বিস্তারিত আলোচনান্তে গোপালগঞ্জ পৌরসভায় যে সকল এলাকায় প্লান বহির্ভূত অবৈধ স্থাপনা নির্মান হয়েছে এবং অনুমোদিত প্লানের নকশা অনুযায়ী স্থাপনা হয়নি বা অনুমোদিত নকশা বহির্ভূত এমন স্থাপনা উচ্ছেদ করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

বাস্তবায়নে: নির্বাহী প্রকৌশলী, গোপালগঞ্জ পৌরসভা।

**আলোচ্য সূচী : ৩**

**পৌর এলাকায় ছোট ছোট অবৈধ হাটবাজার প্রসংগে**

**আলোচনা :** গোপালগঞ্জ পৌরসভার পৌর নির্বাহী কর্মকর্তা সভায় জানান গত মাসিক সভার সিদ্ধান্ত মোতাবেক কমিটি গঠন করা হয়। উক্ত কমিটি গত ১০/২/২০২৫ ইং তারিখের হাটবাজার ইজারার বিষয়ে দাখিলকৃত প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায়, গোপালগঞ্জ হাট বাজার এর ইজারাদার শুধুমাত্র বড় বাজার এলাকা গোপালগঞ্জ হাটবাজার (সকল আড়ৎ সংযুক্ত), বেদগ্রাম বাজার (কাঁচা বাজার), বটতলা বাজার (কাঁচা বাজার), ঘোনাপাড়া বাজার (কাঁচা বাজার) মান্দারতলা বাজার (কাঁচা বাজার) থেকে ইজারার টোল উত্তোলন করে। গোপালগঞ্জ পৌর এলাকার মধ্যে যে সকল স্থানে অনুমোদিত হাট বসে, কিন্তু ইজারা মাধ্যমে টোল আদায় করা হয় না এতে করে রাজস্ব ক্ষতির সম্ভবনা হয়। ঐ সকল স্থানের হাট বন্ধ করা প্রয়োজন অথবা ইজারার মাধ্যমে টোল আদায়ের আওতায় আনার ব্যবস্থা গ্রহন করার নিমিত্তে প্রতিবেদনে সুপারিশ করেছেন মর্মে জানান। তিনি আরোও জানান এ সকল স্থানের হাট বন্ধ করা প্রয়োজন অথবা টোল আদায়ের আওতায় আনার ব্যবস্থা গ্রহন করা হলে রাজস্ব আয় বৃদ্ধি পাবে। তিনি অবৈধ বাজারের তালিকা সভায় উপস্থাপন করেন। যা নিম্নরুপ:

১। বাকচী বাড়ী বাজার (কাঁচা বাজার)
২। হরিদাসপুর বাজার (কাঁচা বাজার)
৩। উপজেলা সি অফিস ঘাট বাজার (কাঁচা বাজার)
৪। গোলাবাড়িয়া বাজার (কাঁচা বাজার)
৫। ঘোনাপাড়া বাজার (কাঁচা বাজার)
৬। সতিষের পোল বাজার (কাঁচা বাজার)

চলমান পাতা ০৩

৭। ঘুল্লিবাড়ীর মোড় বাজার (কাঁচা বাজার)
৮। মান্দার তলা বাজার (কাঁচা বাজার)
৯। হাসপাতালের সামনে (কাঁচা বাজার)

**সিদ্ধান্ত :** এব্যাপারে বিস্তারিত আলোচনান্তে গোপালগঞ্জ পৌরসভায় রাস্তার পাশে যে সকল এলাকায় অনুনোমোদিতভাবে বাজার বসে সে সকল এলাকার বাজারগুলো আইনের আওতাভুক্ত আনার এবং উচ্ছেদের জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।
বাস্তবায়নে: পৌর নির্বাহী কর্মকর্তা, গোপালগঞ্জ পৌরসভা।

**আলোচ্য সূচী : ৫**
**উন্নয়নমূলক কর্মকান্ড প্রসংগে**

**আলোচনা :** গোপালগঞ্জ পৌরসভার নির্বাহী প্রকৌশলী সভায় জানান গত মাসিক সভায় প্রস্তাবিত প্রাক্কলনে ১, ৮, ৪ ও ১১ নং ক্রমিকের নাম পরিবর্তন ও ৪নং ক্রমিকের প্রাক্কলনের মূল্য বেশী নির্ধারন করা হয়েছে উক্ত প্রকল্পগুলো সঠিক করা আবশ্যক। এ ব্যাপারে ১০ নং সদস্য লাখসানা লাকী একমত পোষন করেন। এব্যাপারে সিদ্ধান্ত গ্রহন করা আবশ্যক।

**সিদ্ধান্ত :** এব্যাপারে বিস্তারিত আলোচনান্তে প্রস্তাবিত প্রকল্পের নাম ও প্রাক্কলিত মূল্য নিম্নরুপভাবে পরিবর্তন করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয় এবং প্রাক্কলনের মধ্যে অক্ষাংশ দ্রাঘিমাংশ সবধরনের রাস্তা মেরামত নির্মানের জন্য অক্ষাংশ ও দ্রাঘিমাংশ শেষ ও শুরুতে উল্লেখ করা এবং উন্নয়ন মূলক কাজগুলো সংশ্লিষ্ঠ ওয়ার্ডে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা দায়িত্ব পালন করবেন এবং পৌর কর্তৃপক্ষকে অবহিত করবেন মর্মে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রমিক | প্রকল্পের নাম | ওয়ার্ড নম্বর | প্রাক্কলিত মূল্য |
|---|---|---|---|
| ১. | সড়ক ও জনপথ বিভাগের রাস্তার সীমানা থেকে মার্কাস মসজিদ পর্যন্ত রাস্তা ও ড্রেন পুনঃ নির্মান কাজ | ১২ | ২০,৬৯,৮৪৬.০০ |
| ২. | মিয়াপাড়া পুরাতন সোনালী ব্যাংকের মোড় হতে মিয়াপাড়া কালভার্ট পর্যন্ত রাস্তা বিসি দ্বারা সংস্কার কাজ | ৮ | ৯,৯১,৪০৪.০০ |
| ৩. | সড়ক ও জনপথ বিভাগের রাস্তা হতে পাঁচুড়িয়া ফুড গোডাউনের গেট পর্যন্ত রাস্তা আরসিসি দ্বারা পুনঃ নির্মান কাজ | ১০ | ১৩,২১,৭৬৬.০০ |
| ৪. | সড়ক ও জনপথ বিভাগের রাস্তা সংলগ্ন প্রেসক্লাব হতে মহিলা কলেজ পর্যন্ত বিসি রাস্তা সংস্কার কাজ | ৭ | ২,০৯,৩৮১.০০ |

বাস্তবায়নে: নির্বাহী প্রকৌশলী, গোপালগঞ্জ পৌরসভা।

**আলোচ্য সূচী : ৬**
**সদ্য সাবেক প্রধানমন্ত্রী ও তাঁর পরিবারের সদস্যদের নামে প্রতিষ্ঠান/স্থাপনার তথ্য প্রদান প্রসংগে**

**আলোচনা :** গোপালগঞ্জ পৌরসভার পৌর নির্বাহী কর্মকর্তা সভায় জানান স্থানীয় সরকার বিভাগের ১৬/০২/২০২৫ ইং তারিখের ৪৬.০০.০০০০.০০০.০৬৩.৯৯.০০০১.২৫-৯৩ স্মারকের নির্দেশনা অনুযায়ী প্রশাসনিক আদেশ বা স্থানীয় উদ্যোগে নির্মিত গোপালগঞ্জ পৌরসভার অনুকূলে প্রতিষ্ঠান/স্থাপনার/সেতু/অন্যান্য অবকাঠামোর নামকরণ সংক্রান্ত তথ্য পরিবর্তন করে প্রেরনের জন্য পত্র প্রেরণ করেছেন। তিনি পত্রখানা সভায় উপস্থাপন করেন। এ ব্যাপারে বিস্তারিত আলোচনা করা হয়।

**সিদ্ধান্ত :** এব্যাপারে বিস্তারিত আলোচনান্তে পৌরসভার অধীনে শেখ রাসেল পৌর শিশু পার্ক ও শেখ সেলিম পৌর মিলনায়তন এর নাম পরিবর্তন করে গোপালগঞ্জ পৌর শিশু পার্ক এবং গোপালগঞ্জ পৌর মিলনায়তন নামকরনের মাধ্যমে গণবিজ্ঞপ্তি জারী এবং নতুন নাম ফলক স্থাপনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।
বাস্তবায়নে: পৌর নির্বাহী কর্মকর্তা, গোপালগঞ্জ পৌরসভা।

চলমান পাতা ০৪

<u>আলোচ্য সূচী : ৭</u>
<u>টিসিবি কার্ডের তালিক প্রসংগে</u>

**আলোচনা :** গোপালগঞ্জ পৌরসভার সমাজ উন্নয়ন কর্মকর্তা সভায় জানান টিসিবি কার্ড বরাদ্দ প্রদান করতে হবে ৪০৩৪টি। তন্মধ্যে টিসিবি কর্তৃক প্রদত্ত ১২১১টি টিসিবি কার্ড প্রস্তুত রয়েছে। উক্ত কার্ড একটিভ করার কাজ চলমান রয়েছে। বর্তমানে ২৮২৩টি টিসিবি কার্ড তৈরী করতে হবে। পৌর এলাকার জনগনের কাছ থেকে ৯৮০০টি টিসিবি কার্ড প্রাপ্তির আবেদন পাওয়া গেছে। উক্ত আবেদনের যাচাই বাছাই কাজ চলমান রয়েছে। তিনি আরোও জানান উক্ত ডাটা এন্ট্রির কাজ সম্পন্ন করতে জনবলের প্রয়োজন। তিনি জানান পৌরসভায় নিয়োজিত কর্মীদের দ্বারা ৪টি ওয়ার্ডের কাজ সম্পন্ন করা হয়েছে। মোঃ ফয়েজ আহমেদ জানান সরকার কর্তৃক নির্ধারিত দামের পন্য দ্রুত জনগনের মাঝে পৌছানোর লক্ষ্যে উক্ত কাজ দ্রুত সম্পন্ন করা আবশ্যক। এ ব্যাপারে বিস্তারিত আলোচনা করা হয়।

**সিদ্ধান্ত :** এব্যাপারে বিস্তারিত আলোচনান্তে আগামী ২৫ ফেব্রুয়ারী ২০২৫ তারিখের মধ্যে টিসিবির ডাটা এন্ট্রির কাজ সম্পন্ন করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। তাছাড়া ডাটা এন্ট্রি কাজে সহযোগীতা করার জন্য একটি ডাটা এন্ট্রি আউট সোসিং এর মাধ্যমে কোম্পানীকে নিয়োগ প্রদান এবং প্রতি ডাটা এন্ট্রি বাবদ ৫/- হিসেবে প্রদান করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।
বাস্তবায়নেঃ সমাজ উন্নয়ন কর্মকর্তা, গোপালগঞ্জ পৌরসভা।

<u>আলোচ্য সূচী : ৮</u>

<u>ইজিবাইকের পারমিট ফি পুনঃনির্ধারন প্রসঙ্গে</u>

**আলোচনা :** গোপালগঞ্জ পৌরসভার পৌর নির্বাহী কর্মকর্তা সভায় জানান সভায় জানান, পৌর পরিষদের সভায় ইতিপূর্বে ইজিবাইকের নতুন পারমিট ফি এর টাকা ২০২১-২০২২ অর্থবছরে নুতন ৩৭৫০/- এবং পারমিট নবায়ন ২৫৫০/- টাকা এবং ২০২২-২০২৩ এবং ২০২৩-২০২৪ অর্থবছরে নতুন ৬৭৫/- এবং নবায়ন ৫০০/- টাকা নির্ধারন করা হয়েছিল। তিনি উক্ত ফি পুনঃ নির্ধারনের প্রস্তাব করেন। এ ব্যাপারে বিস্তারিত আলোচনা করা হয়।

**সিদ্ধান্ত** ঃ এব্যাপারে বিস্তারিত আলোচনান্তে পৌরসভার রাজস্ব আয় বৃদ্ধির স্বার্থে এবং মানবিক দিক বিবেচনা করে ইজিবাইক নতুন পারমিট প্রদানের ফি নবায়ন নিম্নরুপভাবে পুনঃ নির্ধারন করার সর্ব সম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। এছাড়া বিআরটিএ- এর ড্রাইভিং লাইসেন্স ব্যতিত কাউকে পারমিট প্রদান করা হবে না মর্মে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

| | |
|---|---|
| ১। নুতন পারমিট ফি | ৩০০০/- টাকা । |
| ২। পারমিট নবায়ন ফি | ১০০০/- টাকা। |

বাস্তবায়নেঃ সহকারী লাইসেন্স ইন্সপেক্টর, গোপালগঞ্জ পৌরসভা।

<u>আলোচ্য সূচী : ৯</u>
<u>গুরুত্বপূর্ন স্থানে সিসি ক্যামেরা স্থাপন প্রসঙ্গে</u>

**আলোচনা :** গোপালগঞ্জ পৌরসভার নির্বাহী প্রকৌশলী সভায় জানান, গোপালগঞ্জ পৌরসভা এলাকায় নিরাপত্তা ব্যবস্থা জোরদার করার জন্য লঞ্চঘাট এলাকায় নির্মানাধীন হাইমাস্ট টাওয়ার লাইটের পোলে সিসি ক্যামেরা স্থাপন করা হলে উক্ত এলাকায় অনাকাঙ্খিত ঘটনা সংরক্ষিত হবে যা পরবর্তীতে মনিটরিং করা সম্ভব হবে। এ বিষয়ে জেলা আইনশৃঙ্খলা সভায় বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট মহোদয়ের এবং জেলার পুলিশ সুপার মহোদয়ের অনুরোধ ও জেলার আইন শৃঙ্খলা কমিটির সভার সিদ্ধান্ত অনুযায়ী পৌরবাসী নিরাপত্তার বিষয়টি বিবেচনায় নিয়ে গুরুত্বপূর্ন স্থানে Survillance System স্থাপনার সিদ্ধান্ত গৃহীত হয়। ব্যাপারে বিস্তারিত আলোচনা করা হয়।

**সিদ্ধান্ত :** এব্যাপারে বিস্তারিত আলোচনান্তে লঞ্চঘাট এলাকায় নির্মানাধীন এবং ঘোনাপাড়া মোড়ে নির্মানধীন হাইমাস্ট টাওয়ার লাইটের পোলে উন্নতমানের তার বিহীন (WiFi Connected) আইপি ক্যামেরা স্থাপন করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।
বাস্তবায়নেঃ নির্বাহী প্রকৌশলী, গোপালগঞ্জ পৌরসভা।

চলমান পাতা ০৫

<u>আলোচ্য সূচী : ১০</u>
<u>ঘোনাপাড়া স্থানে দ্বিতীয় টায়ার লাইট স্থাপন প্রসঙ্গে</u>

**আলোচনা :** গোপালগঞ্জ পৌরসভার নির্বাহী প্রকৌশলী সভায় জানান সভায় জানান, ঘোনাপাড়া সড়ক ও জনপথ বিভাগের রাস্তার উপর দিয়ে বড় বড় যান চলাচল করে থাকে। উক্ত এলাকায় লাইটের স্বল্পতা দেখা যায়। ঘোনাপাড়া এলাকায় রাত্রিকালীন সময়ে পর্যাপ্ত আলোর ব্যবস্থা না থাকায় রাত্রিকালীন প্রায়ই দূর্ঘটনা ঘটে থাকে। এছাড়া ছিনতাই এর মত ঘটনাসহ বিভিন্ন আইন শৃঙ্খলা পরিস্থিতির অবনতি ঘটে। উক্ত এলাকায় পর্যাপ্ত আলোর ব্যবস্থা করা আবশ্যক। এ ব্যাপারে বিস্তারিত আলোচনা করা হয়।

**সিদ্ধান্ত :** এব্যাপারে বিস্তারিত আলোচনান্তে ঘোনাপাড়া স্থানে দ্বিতীয় টায়ার লাইট স্থাপন করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।
বাস্তবায়নে: নির্বাহী প্রকৌশলী, গোপালগঞ্জ পৌরসভা।

**<u>আলোচ্য সূচী : বিবিধ -১</u>**
**<u>পৌরসভায় নারী উন্নয়ন কর্ণার তৈরী প্রসংগে ঃ</u>**

**আলোচনা :** গোপালগঞ্জ পৌরসভার ১০ নং সদস্য লাখসানা লাকী সভায় জানান, পৌরসভায় বিভিন্ন প্রকার সেবা গ্রহন করার জন্য নারীরা এসে থাকে। সেবা প্রার্থী মহিলাদের জন্য একটি নারী উন্নয়ন কর্ণার তৈরী করা আবশ্যক। পৌরসভায় আগত নারী সেবা প্রার্থীদের জন্য নারী কর্নারে বাথরুম, নামাজ রুম বিশ্রামের ব্যবস্থা থাকতে হবে। এ ব্যাপারে বিস্তারিত আলোচনা করা হয়।

**সিদ্ধান্ত ঃ** এব্যাপারে বিস্তারিত আলোচনান্তে পৌরসভায় নীচ তলায় ১০৪ নং কক্ষ নারী কর্ণার করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো। এ কার্য সম্পাদন করার জন্য প্রয়োজনীয় বাজেট বরাদ্দ করার সিদ্ধান্ত গৃহীত হয়।
বাস্তবায়নে: পৌর নির্বাহী কর্মকর্তা, গোপালগঞ্জ পৌরসভা।

<u>আলোচ্য সূচী : বিবিধ-২</u>

**<u>পরিচ্ছন্নতা কর্মী নিয়োগ প্রসংগে</u>**
**আলোচনা :** গোপালগঞ্জ পৌরসভার পৌর নির্বাহী কর্মকর্তা সভায় জানান গোপালগঞ্জ পৌরসভায় বর্তমানে ১৩৩ জন পরিচ্ছন্নকর্মী রয়েছে। প্রায়ই লক্ষ করা যায় ৪ জন পরিচ্ছন্ন কর্মী তাদের চাকুরী ছেড়ে দিয়ে অন্যত্র চলে যায় এবং একজন পরিচ্ছন্ন কর্মী মৃত্যুবরন করেছেন। বর্তমানে পৌর এলাকায় ১৫টি ওয়ার্ডের পরিস্কার পরিচ্ছন্নতার কাজ বাস্তবায়ন করার লক্ষ্যে কিছু কর্মী নিয়োগ প্রদান করা আবশ্যক।এ ব্যাপারে বিস্তারিত আলোচনা করা হয়।

**<u>সিদ্ধান্ত :</u>** এব্যাপারে বিস্তারিত আলোচনান্তে সুস্পষ্ট নীতিমালা অনুযায়ী নিয়োগ বিজ্ঞপ্তির মাধ্যমে মোট ৭(সাত) জন পরিচ্ছন্ন কর্মী যার মধ্যে একজন ১৩০/- টাকা এবং বাকি ৬ জন ৩৮০/- হিসেবে দৈনিক হাজিরা ভিত্তিতে নিয়োগ প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।
বাস্তবায়নে: কঞ্জারভেন্সী ইন্সপেক্টর, গোপালগঞ্জ পৌরসভা।

<u>আলোচ্য সূচী : বিবিধ-৩</u>

**<u>প্রশিক্ষন প্রদান প্রসংগে</u>**
**আলোচনা :** গোপালগঞ্জ পৌরসভার পৌর নির্বাহী কর্মকর্তা সভায় জানান গোপালগঞ্জ পৌরসভায় কর্মরত কর্মচারীদের দক্ষতা বৃদ্ধির লক্ষে অফিস ব্যবস্থাপনার উপর প্রশিক্ষন প্রদান করা হলে দাপ্তরিক কাজের গতিশীলতা বাড়বে। তিনি জানান পরিচ্ছন্ন কর্মীদের জন্য ''বর্জ্য ব্যবস্থাপনায় ও স্বাস্থ্য সচেতনতা'' বিষয়ক প্রশিক্ষন এবং অফিসে কর্মরত কর্মচারীদের দাপ্তরিক দক্ষতা বৃদ্ধি, দৈনন্দিন চাকুরীর শৃঙ্খলা রক্ষা করা, গতিশীল প্রশাসনের সহায়ক শক্তি হিসেবে গড়ে তোলার লক্ষ্যে ''অফিস ব্যবস্থাপনা'' দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে প্রশিক্ষন প্রদানের প্রস্তাব রাখেন। ডাঃ আবু সাইদ মোহাম্মদ ফারুক ১ ও ২ নং ওয়ার্ড সদস্য একমত পোষন করেন। এ ব্যাপারে বিস্তারিত আলোচনা করা হয়।

**<u>সিদ্ধান্ত :</u>** এব্যাপারে বিস্তারিত আলোচনান্তে সুস্পষ্ট পৌরসভা কর্মরত পরিচ্ছন্ন কর্মীদের জন্য ''বর্জ্য ব্যবস্থাপনায় ও স্বাস্থ্য সচেতনতা'' বিষয়ে এবং ১৩ থেকে ২০ গ্রেডে কর্মরত কর্মচারীদের ''অফিস ব্যবস্থাপনা'' এর উপর প্রশিক্ষন প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। প্রশিক্ষনের ব্যয় রাজস্ব তহবিল হতে প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।
বাস্তবায়নে: পৌর নির্বাহী কর্মকর্তা ও হিসাব রক্ষক, গোপালগঞ্জ পৌরসভা।

চলমান পাতা ০৬

আলোচ্য সূচী : বিবিধ-৪

**পানি সরবরাহ প্রসংগে**

**আলোচনা :** গোপালগঞ্জ পৌরসভার নির্বাহী প্রকৌশলী সভায় জানান গোপালগঞ্জ পৌরসভা হতে সরবরাহকৃত পানি ব্যবহার করে পানির বোতলজাতকরন করে ব্যবসা পরিচালনা করে আসছেন সে সব গ্রাহক পর্যাপ্ত পানি ব্যবহার করে মাত্র ১০০/- টাকা বিল প্রদান করছেন। পৌর এলাকায় পূর্বে কিছু কিছু ওয়ার্ডে পানির মিটার বসানো ছিল, বর্তমানে তা অকেজো অবস্থায় রয়েছে। সদস্য জনাব মোঃ ফয়েজ আহম্মেদের এক প্রশ্নের জবাবে তিনি বলেন প্রতিষ্ঠানের প্রতিঘন মিটার পানির রেট ৫০/- হিসেবে ধার্য্য ছিল। তিনি আরো জানান আবাসিক পানির লাইনে মিটারে কোন বিল হয় না। তিনি আরোও বলেন ভবিষ্যতে প্রতিটি গ্রাহকের বাড়ীতে ম্যাকানিকাল বা ডিজিটাল পানির মিটার স্থাপনের মাধ্যমে প্রতি ঘন মিটার হিসেবে পানির বিল সংগ্রহ করার জন্য ডিজিটাল মিটার চালু হলে পানির অপচয় রোধ হবে এবং রাজস্ব আয় বৃদ্ধি পাবে। এ ব্যাপারে বিস্তারিত আলোচনা করা হয়।

**সিদ্ধান্ত :** এব্যাপারে বিস্তারিত আলোচনান্তে নিম্নরুপ: সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

১। যে সকল প্রতিষ্ঠান পানির ব্যবসা পরিচালনা করছেন তারা নিজ খরচে পৌরসভার মাধ্যমে মিটার স্থাপন করবেন।

২। এখন থেকে যেসব পানির নতুন সংযোগ হবে সে সব সংযোগে পানির মিটার স্থাপন বাধ্যতা মূলক হবে।

৩। আবাসিক লাইনের ক্ষেত্রে পরীক্ষামূলকভাবে পৌরসভার মধ্যে বিভিন্ন স্থানে কয়েকটি পানির মিটার স্থাপন করতে হবে। কোন কোন এলাকায়
প্রতিদিন প্রতিটি লাইনে কি পরিমান পানি সরবরাহ করা হয় তা নির্ণয় করার জন্য।

৪। পৌরসভার মধ্যে যারা ১/২টি লাইন নিয়ে সুউচ্চ ভবনে/একাধিক ইউনিটে পানি ব্যবহার করছেন পর্যায় ক্রমিকভাবে তাদের মিটারের আওতায় আনতে হবে।

৫। সকল সরকারি এবং বানিজ্যিক প্রতিষ্ঠান পর্যায় ক্রমিকভাবে পানির মিটারের আওতায় আনতে হবে।

৬। যে সকল গ্রাহক অভিযোগ করেন চাহিদা মোতাবেক পানি পায় না, সে সকল গ্রাহকদের মিটারের আওতায় আনতে হবে তারা যতটুকু পরিমান পানি পায় সেই পরিমান বিল দিবেন।

৭। পূনঃ সংযোগকৃত গ্রাহক পানির মিটার সহকারে সংযোগ নিতে হবে।

বাস্তবায়নে: নির্বাহী প্রকৌশলী, গোপালগঞ্জ পৌরসভা।

আলোচ্য সূচী : বিবিধ-৫

**পাবলিক টয়লেট এর স্থান নির্ধারন প্রসংগে**

**আলোচনা :** গোপালগঞ্জ পৌরসভার নির্বাহী প্রকৌশলী সভায় জানান, নগর অবকাঠামো উন্নয়ন প্রকল্প ২টি পাবলিক টয়লেট নির্মানের জন্য স্থান নির্বাচন করে সংশ্লিষ্ট কার্যালয়ে প্রেরণ করার জন্য বিশেষভাবে অনুরোধ জানিয়েছেন। উক্ত পাবলিক টয়লেট নির্মানের লক্ষ্যে স্থান নির্ধারন করা আবশ্যক। তিনি আরোও জানান উক্ত টয়লেটের ব্যয়ভার প্রকল্প অফিস থেকে বহন করিবে। এ ব্যাপারে বিস্তারিত আলোচনা করা হয়।

**সিদ্ধান্ত :** এব্যাপারে বিস্তারিত আলোচনান্তে গোপালগঞ্জ পৌরসভার ৭ নং ওয়ার্ডের লঞ্চঘাটের মোড় একটি এবং ১৫ নং ওয়ার্ডের ঘোনাপাড়া মোড়ে ০১টি পাবলিক টয়লেট নির্মানের স্থান নির্ধারন করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।
বাস্তবায়নে: নির্বাহী প্রকৌশলী, গোপালগঞ্জ পৌরসভা।

আলোচ্য সূচী : বিবিধ-৬

বিভিন্ন সভা করায় সম্মানীভাতা প্রদান প্রসঙ্গে ঃ

**আলোচনা :** গোপালগঞ্জ পৌরসভার নির্বাহী প্রকৌশলী সভায় জানান, গোপালগঞ্জ পৌরসভায় প্রতি তিন মাস অন্তর নির্মান ও পুন:নির্মান অনুমোদনের কমিটির সভা অনুষ্ঠিত হয়ে থাকে। উক্ত সভায় উপস্থিত সদস্যদের আপ্যায়নসহ অন্যান্য খরচ বাবদ কিছু অর্থ বরাদ্দ ছিল। তিনি জানান উক্ত সদস্যদের ২০০০/- টাকা হিসেবে সম্মানী ভাতা প্রদান করা হয়ে থাকে। তিনি উক্ত সম্মানী ভাতা বৃদ্ধির প্রস্তাব রাখেন। তাছাড়া তিনি আরো জানান পৌরসভায় দরপত্র মূল্যায়ন কমিটি গঠিত রয়েছে। উক্ত কমিটির সভা প্রায়ই অনুষ্ঠিত হয়ে থাকে।

চলমান পাতা ০৭

তিনি উক্ত কমিটির সম্মানীভাতা প্রদানের প্রস্তাব রাখেন। মোঃ ফায়েজ আহমেদ, সদস্য প্রশাসকের কর্মসম্পাদন কমিটি, তিনি এ ব্যাপারে একমত পোষন করেন। এ ব্যাপারে বিস্তারিত আলোচনা করা হয়।

সিদ্ধান্তঃ এ ব্যাপারে বিস্তারিত আলোচনান্তে ''নির্মান পুন:নির্মান কমিটির ''সভায় উপস্থিত সদস্যদের ভাতা ২০০০/- টাকার স্থলে ৩০০০/- টাকা বরাদ্দ রাখার সর্ব সম্মত সিদ্ধান্ত গৃহীত হলো। এবং দরপত্র মূল্যায়ন কমিটির সদস্যদের সম্মানী ভাতা পিপিআরের নির্ধারিত সীমা অনুযায়ী প্রদানের সিদ্ধান্ত গ্রহীত হয়।

বাস্তবায়নেঃ নির্বাহী প্রকৌশলী/হিসাব রক্ষক, গোপালগঞ্জ পৌরসভা।

**আলোচ্য সূচী : বিবিধ-৭**

ব্যাংক হিসাব বন্ধ প্রসঙ্গে ঃ

**আলোচনা :** গোপালগঞ্জ পৌরসভার হিসাব রক্ষক সভায় জানান, হিসাব শাখায় বিভিন্ন খাতে বিভিন্ন ব্যাংকে ৪৮টি হিসাব পরিচালনা করা হয়ে থাকে। উক্ত হিসাবগুলো পরিচালনায় ব্যাহত সৃষ্টি হচ্ছে। গোপালগঞ্জ পৌরসভার হিসাব শাখার দাপ্তরিক কাজের গতিশীলতা আনায়নের লক্ষ্যে কিছু কিছু ব্যাংক হিসাব বন্ধ রাখা আবশ্যক। এ ব্যাপারে বিস্তারিত আলোচনা করা হয়। ব্যাংকের নাম ও হিসাব নম্বর নিম্নে প্রদত্ত হলো।

| | | |
|---|---|---|
| ১. | বেসিক ব্যাংক, গোপালগঞ্জ শাখা | ১০০০০৩৩২ |
| ২. | বেসিক ব্যাংক, গোপালগঞ্জ শাখা | ১০০০০৩২৭ |
| ৩. | ফাস্ট সিকিউরিটি ইসলামী ব্যাংক, গোপালগঞ্জ শাখা | ১৩১০০০০০০০৭ |
| ৪. | ফাস্ট সিকিউরিটি ইসলামী ব্যাংক, গোপালগঞ্জ শাখা | ১১১০০০০০২৫৮ |
| ৫. | এন আর বি সি ব্যাংক, গোপালগঞ্জ শাখা | ২৬৩০০০০০০০৮ |
| ৬. | এন আর বি সি ব্যাংক, গোপালগঞ্জ শাখা | ২৬৩০০০০০০০৪২ |
| ৭. | ব্র্যাক ব্যাংক, গোপালগঞ্জ শাখা | ৩৬৫৮১০৫০০১ |
| ৮. | ব্যাংক এশিয়া, গোপালগঞ্জ শাখা | ৩৬০০০০১২ |
| ৯. | স্ট্যান্ডার্ড ব্যাংক, গোপালগঞ্জ শাখা | ৩৬০০০১১২ |

সিদ্ধান্তঃ এ ব্যাপারে বিস্তারিত আলোচনান্তে যে সকল হিসাব মাসিক লেনদেন এর প্রয়োজনীয়তা কম থাকে সে সকল হিসাব বন্ধ রাখার সর্ব সম্মত সিদ্ধান্ত গৃহীত হলো।

বাস্তবায়নেঃ হিসাব রক্ষক, গোপালগঞ্জ পৌরসভা।

**আলোচ্য সূচী : বিবিধ-৮**

**গ্রামীন অবকাঠামো রক্ষণা বেক্ষন (টি.আর) এর প্রকল্প গ্রহণঃ**

**আলোচনা :** গোপালগঞ্জ পৌরসভার নির্বাহী প্রকৌশলী সাহেব সভায় জানান, গত ১৫ জানুয়ারি ২০২৫ খ্রি. তারিখের দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের ৫১.০১.০০০০.০১২.১৪.০০১.২৫.১৩ নং স্মারকে গোপালগঞ্জ পৌরসভার অনুকূলে ২০২৪-২০২৫ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর) কর্মসূচীর আওতায় ১ম ও ২য় কিস্তির নগদ ২০,৫৫,৫৫৫.৪৫ টাকা বরাদ্দ পাওয়া গিয়েছে। উক্ত নগদ অর্থের বিপরীতে প্রকল্প গ্রহণ করা আবশ্যক। গ্রামীন অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টি,আর) কর্মসূচীর ১ম ও ২য় কিস্তির নগদ অর্থের বিপরীতে প্রকল্প গ্রহণের জন্য প্রকল্প গ্রহণ/যাচাই বাছাই উপ-কমিটির প্রত্যেক সদস্যদের নিকট হতে প্রত্যেক ওয়ার্ড হতে জরুরী কাজগুলি তাদের উপস্থাপনের জন্য অনুরোধ করেন। সম্মানিত সদস্যরা নিম্নলিখিত কাজগুলি ১ম ও ২য় কিস্তির নগদ অর্থের বিপরীতে সম্পাদনের লক্ষ্যে সভায় উপস্থাপন করেন। যা নিম্নরুপ:

| ক্রঃ নং | প্রকল্পের নাম | ওয়ার্ড নং | সম্ভাব্য ব্যয় | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ | কলাবাগান বায়তুল হাবিব জামে মসজিদের পার্শ্বে খালে সাকো নির্মাণ কাজ | ১ | ৪,৬০,০০০.০০ | |
| ২ | মৌলভীপাড়া বাইতুল জান্নাত জামে মসজিদ (২য় তলা) সংস্কার কাজ | ২ | ১,১৫,০০০.০০ | |

চলমান পাতা ০৮

| | | | | |
|---|---|---|---|---|
| ৩ | বেদগ্রাম পূর্বপাড়া আল আকসা জামে মসজিদের টাইলস্, গ্লাস স্থাপন ও অজুখানা নির্মাণ কাজ | ৪ | ১,২৫,০০০.০০ | |
| ৪ | থানাপাড়া জামে মসজিদের তৃতীয় তলায় টাইলস এর কাজ | ৫ | ১,২৫,০০০.০০ | |
| ৫ | (ক) পৌর কমিউনিটি সেন্টার সংলগ্ন পৌর জামে মসজিদ সংস্কার কাজ এবং (খ) লতিফপুর ইউনিয়ন পরিষদ সংলগ্ন নাসিরুল হক গামার বাসা হতে জেলখানা পর্যন্ত ৬ ইঞ্চি পাইপ দ্বারা ড্রেন নির্মাণ কাজ | ৭ | ১,৫০,৫৫৫.৪৫ | |
| ৬ | আহম্মদপাড়া জামে মসজিদ সংস্কার কাজ | ৮ | ১,১৫,০০০.০০ | |
| ৭ | জনতা রোড জামে মসজিদ সংস্কার কাজ | ৯ | ১,১৫,০০০.০০ | |
| ৮ | পুরাতন হাসপাতাল জামে মসজিদ সংস্কার কাজ | ১০ | ১,১৫,০০০.০০ | |
| ৯ | জেলা প্রশাসন স্কুলে শহীদ মিনার নির্মাণ কাজ | ১২ | ৪,৬০,০০০.০০ | |
| ১০ | উপজেলা অফিসার্স ক্লাব উন্নয়ন কাজ | ১৩ | ১,৫০,০০০.০০ | |
| ১১ | আল-হেরা শামছুল উলুম মাদ্রাসা ও ইয়াতিমখানা তেঘরিয়া, মান্দারতলা, গোপালগঞ্জের (১)ওয়াশরুম নির্মাণ ও (২) টিউবওয়েল স্থাপন কাজ | ১৪ | ১,২৫,০০০.০০ | |
| | | মোট = | ২০,৫৫,৫৫৫.৪৫ | |

**সিদ্ধান্ত :** এব্যাপারে বিস্তারিত আলোচনান্তে বরাদ্দকৃত টি, আর কর্মসূচীর আওতায় ১ম ও ২য় কিস্তির নগদ ২০,৫৫,৫৫৫.৪৫ টাকার বিপরীতে উল্লেখিত ১১টি প্রকল্প অগ্রাধিকারভাবে গ্রহণ করা এবং বর্ণিত প্রকল্পগুলি বাস্তবায়নের জন্য সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহীত হয়। তাছাড়া প্রকল্প গ্রহণ/যাচাই বাছাই উপ-কমিটির সভার সিদ্ধান্ত মোতাবেক পরবর্তীতে ১৩টি প্রকল্প অগ্রাধিকার ভিত্তিতে নিম্নবর্ণিত প্রকল্পগুলো বাস্তবায়ন করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো।

| ক্রঃ নং | প্রকল্পের নাম | ওয়ার্ড নং | সম্ভাব্য ব্যয় | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১. | উত্তর মৌলভীপাড়া প্রধান সড়ক হতে বাইতুল আকসা জামে মসজিদ রাস্তা পর্যন্ত সিসি রাস্তা নির্মাণ | ২ | | |
| ২. | গেটপাড়া হতে পানসিঘাটা পর্যন্ত রাস্তা সংস্কার কাজ | ৩ | | |
| ৩. | বেদগ্রাম ০৪নং ওয়ার্ডে আল আকসা মসজিদে যাতায়াতের রাস্তা নির্মাণ | ৪ | | |
| ৪. | রঘুনাথপুর চরপাড়া রোডে খ্রিষ্টান প্রজেক্টের সামনে সাকো নির্মাণ নির্মাণ কাজ | ৪ | | |
| ৫. | পুরাতন পৌর কবরস্থান জামে মসজিদের গম্বুজের টাইলস লাগানো কাজ | ৫ | | |
| ৬. | গোপালগঞ্জ মহিলা কামিল মডেল মাদ্রাসা রাস্তার অভ্যন্তরীণ রাস্তা ও ড্রেন নির্মাণ কাজ | ৭ | | |
| ৭. | দক্ষিণ মিয়াপাড়া জামে মসজিদের দক্ষিণ পার্শ্ব হতে আব্দুল মান্নান মোল্লার বাড়ি পর্যন্ত রাস্তা সংস্কার | ৮ | | |
| ৮. | গোপালগঞ্জ জেলা অফিসার্স ক্লাব উন্নয়ন কাজ | ১০ | | |
| ৯. | খাটরা দশআনা কালী বাড়ী মন্দির সংস্কার কাজ | ১০ | | |
| ১০. | পরিমল মাস্টার এর বাড়ি হতে ইমরান মোল্যার বাড়ি পর্যন্ত রাস্তা মেরামত কাজ | ১২ | | |
| ১১. | পোদ্দারের চর পশ্চিমপাড়া বাইতুল ফালাহ জামে মসজিদ সংস্কার কাজ | ১৩ | | |
| ১২. | বাইতুল সামছেহা জামে মসজিদ, মহাসেন সড়ক, গোবরা, গোপালগঞ্জের গুর (১)ওয়াশরুম নির্মাণ ও (২) মজজিদ মেরামত কাজ | ১৫ | | |
| ১৩. | উত্তর গোবরা বাইতুল মোজের জামে মসজিদ সংস্কার কাজ (১) মসজিদের মুল গেট নির্মাণ (২) ওয়াশরুমের টাইল্স স্থাপন কাজ | ১৫ | | |

বাস্তবায়নেঃ নির্বাহী প্রকৌশলী, গোপালগঞ্জ পৌরসভা।

চলমান পাতা ০৯

আলোচ্য সূচী : বিবিধ-৯
ঈদগাহে প্যান্ডেল নির্মান প্রসঙ্গে ঃ

**আলোচনা :** গোপালগঞ্জ পৌরসভার পৌর নির্বাহী কর্মকর্তা সভায় জানান, আসন্ন পবিত্র ইদুল ফিতর উদযাপন উপলক্ষে পৌর ঈদগাহ মাঠে পৌর এলাকার সকল মুসল্লী পবিত্র ঈদের নামাজ কায়েম করতে আগমন করেন। আবহাওয়ার প্রতিকূলতার জন্য ঈদগাহ মাঠে প্যান্ডেল নির্মান এর ব্যবস্থা গ্রহন করা আবশ্যক। এ ব্যাপারে বিস্তারিত আলোচনা করা হয়।

সিদ্ধান্তঃ এ ব্যাপারে বিস্তারিত আলোচনান্তে ঈদগাহ মাঠে পবিত্র ইদুল ফিতর উদযাপন উপলক্ষে প্যান্ডেল ও অন্যান্য খরচ বাবদ ৫,০০,০০০/- (পাঁচলক্ষ) টাকা ডিপিএম অথবা কোটেশনের মাধ্যমে ঈদগাহের প্যান্ডেল নির্মান করার সর্ব সম্মত সিদ্ধান্ত গৃহীত হলো।
বাস্তবায়নেঃ পৌর নির্বাহী কর্মকর্তা, গোপালগঞ্জ পৌরসভা।

**আলোচ্য সূচী : বিবিধ-১০**
কনফারেন্স রুমে টেবিল মাইক ও এলইডি ডিসপ্লে বোর্ড বসানো প্রসঙ্গে ঃ

**আলোচনা :** গোপালগঞ্জ পৌরসভার নির্বাহী প্রকৌশলী সভায় জানান, পৌরসভায় বিভিন্ন সভা ও বিভিন্ন কাজ বাস্তবায়নের জন্য কনফারেন্স রুম ব্যবহার করা হয়ে থাকে। কনফারেন্স রুমে আধুনিকায়নের জন্য টেবিল মাইক ও এলইডি ডিসপ্লে বোর্ড স্থাপন আবশ্যক। এ ব্যাপারে বিস্তারিত আলোচনা করা হয়।

সিদ্ধান্তঃ এ ব্যাপারে বিস্তারিত আলোচনান্তে কনফারেন্স রুমের জন্য টেবিলমাইক ও এলইডি ডিসপ্লেবোর্ড স্থাপনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো।
বাস্তবায়নেঃ নির্বাহী প্রকৌশলী, গোপালগঞ্জ পৌরসভা।

আলোচ্য সূচী : বিবিধ-১১
**পরিচ্ছন্নতা কর্মীদের পোশাক তৈরী প্রসংগে**

**আলোচনা :** গোপালগঞ্জ পৌরসভার পৌর নির্বাহী কর্মকর্তা সভায় জানান গোপালগঞ্জ পৌরসভায় বর্তমানে ১৩৩ জন পরিচ্ছন্নকর্মী রয়েছে। উক্ত পরিচ্ছন্ন কর্মীগন পরিস্কার পরিচ্ছন্নতার কাজ বাস্তবায়ন করার জন্য সার্বক্ষনিক নিয়োজিত থাকে। পরিচ্ছন্নকর্মীদের পোশাক প্রদান করা আবশ্যক।এ ব্যাপারে বিস্তারিত আলোচনা করা হয়।

**সিদ্ধান্ত :** এব্যাপারে বিস্তারিত আলোচনান্তে পরিচ্ছন্নকর্মীদের পোশাক তৈরী করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।
বাস্তবায়নে: পৌর নির্বাহী কর্মকর্তা, গোপালগঞ্জ পৌরসভা।

আলোচ্য সূচী : বিবিধ-১২
**আন্তঃজেলা বাস/ট্রাক টার্মিনালের টোল আদায়ের স্থান নির্ধারণ প্রসংগে**

**আলোচনা :** গোপালগঞ্জ পৌরসভার পৌর নির্বাহী কর্মকর্তা সভায় জানান গত মাসিক সভার সিদ্ধান্ত মোতাবেক গঠিত কমিটি ১২/২/২০২৫ তারিখ খাস আদায়ের তদন্ত প্রতিবেদন দাখিল করেছেন। উক্ত কমিটির প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায় যে, খাস আদায় পূর্বের তুলনায় বহুলাংশে কম। কারণ তদন্তে দেখা যায় পূর্বে ৬টি স্ট্যান্ড হতে যেমন ১। কুয়াডাঙ্গা পুলিশ লাইন বাসটার্মিনাল ২। বেদগ্রাম বাসটার্মিনাল ৩। বেদগ্রাম কোটালীপাড়া ট্রাক ষ্ট্যান্ড ৪। পুরাতন লঞ্চঘাট ব্রীজের এপার ওপার টেম্পু ও মাহেন্দ্র স্ট্যান্ড ৫। ঘোনাপাড়া বাস স্ট্যান্ড ও টেম্পু ইজিবাইক মাহেন্দ্র স্ট্যান্ড ৬। নতুন বাজার এলাকা ও বাজার ব্রীজ সংলগ্ন টেম্পু ও মাহেন্দ্র স্ট্যান্ড হতে টোল আদায় করা হত। বর্তমানে খাস আদায় করা হয় দুইটি স্ট্যান্ড থেকে। ১। কুয়াডাঙ্গা পুলিশ লাইন ২। বেদগ্রাম আন্তঃজেলা বাসটার্মিনাল। যার কারনে পূর্বের তুলনায় খাস আদায় কম হয়। গোপালগঞ্জ পৌরসভার রাজস্ব আয় বৃদ্ধির স্বার্থে উক্ত ৬টি স্ট্যান্ড হতে বাস, ট্রাক, লরী, বহিরাহত ইজিবাইক, মাহেন্দ্র, নছিমন, করিমন, ভটভটি হতে পার্কিং ফি আদায় করা হলে সেক্ষেত্রে রাজস্ব আদায়ের লক্ষ্যে পৌছানো সম্ভব। এ ব্যাপারে বিস্তারিত আলোচনা করা হয়।

চলমান পাতা ১০

**সিদ্ধান্ত :** এব্যাপারে বিস্তারিত আলোচনান্তে রাজস্ব আয় বৃদ্ধির লক্ষ্যে আন্তঃজেলা বাস/ট্রাক টার্মিনালের টোল আদায়ের স্থান নির্ধারন করার বিষয়ে জেলা প্রশাসক বরাবর পত্র প্রেরণ করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয় এবং জেলা আইন শৃঙ্খলা কমিটির সভায় উপস্থাপনের বিষয়ে সিদ্ধান্ত হয়।

বাস্তবায়নে: পৌর নির্বাহী কর্মকর্তা, গোপালগঞ্জ পৌরসভা।

পরিশেষে আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষনা করেন।

08/06/2025

বিশ্বজিত কুমার পাল
প্রশাসক
গোপালগঞ্জ পৌরসভা

নম্বর- গো:পৌ:/সা-৪১(৩)/২০২৪-২০২৫/২২৪০/২১(২) তারিখ : ৪/৬/২০২৫

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ঃ

১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, নগর ভবন, ফিনিক্স রোড, ঢাকা-১০০০।
২। বিভাগীয় কমিশনার, ঢাকা
৩। জেলা প্রশাসক, গোপালগঞ্জ।
৪। উপ-পরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, গোপালগঞ্জ।

অনুলিপিঃ জ্ঞাতার্থে কার্যার্থেঃ

৫-১৩। ................................................................ সদস্য, প্রশাসকের কর্ম সম্পাদন কমিটি, গোপালগঞ্জ পৌরসভা।
১৪। পৌর নির্বাহী কর্মকর্তা, গোপালগঞ্জ পৌরসভা।
১৫। নির্বাহী প্রকৌশলী, গোপালগঞ্জ পৌরসভা
১৬। উপ-সহকারী প্রকৌশলী (বিদ্যুৎ), গোপালগঞ্জ পৌরসভা।
১৭-২০। ---------------------------------------------, গোপালগঞ্জ পৌরসভা ।
২১। জনাব শাহ মোঃ রওশন হাবীব, হিসাব সহকারী, গোপালগঞ্জ পৌরসভা।
তাকে পৌর পরিষদের সভার কার্যবিবরনী ওয়েব সাইটে প্রকাশের জন্য বলা হলো।

08/06/2025

প্রশাসক
গোপালগঞ্জ পৌরসভা।
E-mail : gopalganjpourashava72@gmail.com

**পরিশিষ্ট ''ক''**

| | | | |
|---|---|---|---|
| ১। | স্বাক্ষরিত | আঃ কাদের সরদার | উপ পরিচালক, কৃষি সম্প্রসারন অফিস, গোপালগঞ্জ |
| ২। | স্বাক্ষরিত | মোঃ এহসানুল হক | নির্বাহী প্রকৌশলী, স্থাঃসঃপ্রঃ অঃ, গোপালগঞ্জ |
| ৩। | স্বাক্ষরিত | ডাঃ আবু সাইদ মোহাম্মদ ফারুক | সিভিল সার্জন, গোপালগঞ্জ |
| ৪। | স্বাক্ষরিত | লাখসানা লাকী | উপ পরিচালক, মহিলা বিষয়ক কর্মকর্তা, গোপালগঞ্জ |
| ৫। | স্বাক্ষরিত | মোসাঃ জ্যোৎস্না খাতুন | জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, গোপালগঞ্জ |
| ৬। | স্বাক্ষরিত | মোঃ মহিউদ্দিন হাসান | সহকারী প্রকৌশলী, গনপূর্ত বিভাগ , গোপালগঞ্জ |
| ৭। | স্বাক্ষরিত | মোঃ ফায়েজ আহমেদ | নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, গোপালগঞ্জ |
| ৮। | স্বাক্ষরিত | মোঃ নজরুল ইসলাম | জেলা শিক্ষা অফিসার, গোপালগঞ্জ |

**পরিশিষ্ট ''খ''**

| ক্রঃ নং | নাম | পদবী |
|---|---|---|
| ১। | মেহেদী হাসান | নির্বাহী প্রকৌশলী, গোপালগঞ্জ পৌরসভা |
| ২। | এ.এইচ.এম রকিবুল ইসলাম | পৌর নির্বাহী কর্মকর্তা, গোপালগঞ্জ পৌরসভা |
| ৩। | মোঃ জুল ফিকার আলী মোল্লা | সমাজ উন্নয়ন কর্মকর্তা, গোপালগঞ্জ পৌরসভা |
| ৪। | সুমন্ত কুমার বিশ্বাস | হিসাব রক্ষক, গোপালগঞ্জ পৌরসভা |